পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনি য়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০১ টি	০১ টি	-	--	০১ টি	-	৫০%	-	১৪.০৬%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০১টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
রাঙ্গামাটি জেলায় গুরুত্বপূর্ণ বাজারসহ পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন(১ম সংশোধিত)	২৭৪৪.০০	জুলাই ২০১৭ হতে জুন ২০২০

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
বাজারে আগত সকল ধরনের জনসাধারণের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে বাজার এলাকায় পাবলিক টয়লেট নির্মাণের উদ্দেশ্য থাকলেও কুতুবছড়ি বাজারের জন্য নির্ধারিত পাবলিক টয়লেটটি প্রায় ৯/১০ কি:মি: দূরে নির্মাণ করা হয়েছে। ভবিষ্যতে এ ধরনের স্থাপনা নির্মাণে স্থান নির্বাচনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় রাখতে হবে যাতে সাধারণ জনগণ সহজেই এটি ব্যবহার করতে পারে; এছাড়া টয়লেটটির দেয়াল লোনা ধরা অবস্থায় দেখা গেছে যা মোটেই কাম্য নয়।	পাবলিক টয়লেট নির্মাণের জন্য স্থান নির্বাচন যথাযথ না হওয়ায় সকল ধরনের জনসাধারণ এর সুফল থেকে বঞ্চিত হচ্ছে। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প বাস্তবায়ন করতে হলে ডিপিপি অনুযায়ী সঠিক স্থানে টয়লেট স্থাপন করতে হবে। এ ব্যাপারে মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

রাঙ্গামাটি জেলায় গুরুত্বপূর্ণ বাজারসহ পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

১. প্রকল্পের নাম : রাঙ্গামাটি জেলায় গুরুত্বপূর্ণ বাজারসহ পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন (১ম সংশোধিত)।

২. উদ্যোগী মন্ত্রণালয় : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থা : পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাঙ্গামাটি।

৪. প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা
চট্টগ্রাম	রাঙ্গামাটি	রাঙ্গামাটি সদর, কাউখালী, নানিয়ারচর, লংগদু, বাঘাইছড়ি, জুরাছড়ি, বরকল, কাপ্তাই, রাজস্থলী ও বিলাইছড়ি উপজেলা

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২৪০৫.৭২	২৭৫৯.৫২	২৭৪৪.০০	জুলাই ২০১৭ হতে জুন ২০১৯	জুলাই ২০১৭ হতে জুন ২০২০	জুলাই ২০১৭ হতে জুন ২০২০	৩৩৮.২৮ (১৪.০৬%)	১ বছর (৫০%)

৬. **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** ভূ-প্রাকৃতিক কারণে রাঙ্গামাটি জেলার অনেক স্থানে এখনো পানি সরবরাহের প্রয়োজনীয় সুব্যবস্থা করা সম্ভব না হওয়ায় এলাকার জনসাধারণ অন্যান্য উৎসের অনিরাপদ পানি ব্যবহার করছে। জেলার অনেক স্থানে স্যানিটেশনের যথাযথ ব্যবস্থা না থাকার কারণে এলাকার জনসাধারণ বিভিন্ন রোগ-ব্যাধিতে আক্রান্ত হচ্ছে। এ প্রেক্ষাপটে রাঙ্গামাটি জেলার ১০টি উপজেলপার গুরুত্বপূর্ণ ৩৪টি বাজার ও বাজারের নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ **প্রকল্পের মূল উদ্দেশ্য:** রাঙ্গামাটি পার্বত্য জেলার জনসাধারনের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে রাঙ্গামাটি জেলার ৩৪টি বাজারে নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা করার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা।

৬.৩ **সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- ৩৪টি উৎপাদক নলকূপ স্থাপনের মাধ্যমে ৩৪টি বাজারে পানি সরবরাহ ব্যবস্থা করা;
- ৮৩৫টি গভীর ডিএসপি নলকূপ স্থাপনের মাধ্যমে ৩৪টি বাজারের পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন করা;
- ১০০ কি:মি: পাইপ লাইন স্থাপনের মাধ্যমে নারী ও শিশুসহ বছরে প্রায় ০১ (এক) মিলিয়ন জনসাধারণকে নিরাপদ পানির সুবিধা প্রদান করা; এবং
- ৩৪টি কমিউনিটি ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে জনসাধারনের স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নসহ জীবনযাত্রার মান উন্নয়ন করা।

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

৬.৪
- বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপ লাইন স্থাপন;
- পানি সরবরাহ ব্যবস্থাসহ পাবলিক টয়লেট নির্মাণ;
- পরীক্ষামূলক নলকূপ স্থাপন,
- গৃহ সংযোগ;

- নিরাপত্তা দেয়ালসহ পাম্প হাউজ নির্মাণ;
- আনুষাংগিক যন্ত্রপাতিসহ সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন;
- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি;
- ওভারহেড পিভিসি ট্যাংকসহ উৎপাদন নলকূপ স্থাপন; এবং
- ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন ও বৈদ্যুতিক সংযোগ দেয়া।

৭। **প্রকল্পের অনুমোদন অবস্থা:**

৭.১ **মূল ডিপিপি:** প্রকল্পটি ২৪০৫.৭২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থ) জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৭.২ **প্রথম সংশোধন:** প্রকল্পটি ২৪০৫.৭২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থ) জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। বাস্তবতার নিরিখে, প্রকল্পটির প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি'র উপর গত ২৪/০৩/২০১৯ তারিখে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি'র (ডিপিইসি) সভা অনুষ্ঠিত হয়। ডিপিইসি সভার সুপারিশক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক বিগত ২৮/০৫/২০১৯ তারিখে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। ১ম সংশোধিত প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২৭৫৯.৫২ লক্ষ টাকা এবং মেয়াদকাল ০১ (এক) বছর বৃদ্ধি করে জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৮। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:
(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং
(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯. **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব ব্যয়						
১	সরবরাহ ও সেবা	থোক	২৪.০০	**১০০%**	**১০০%**	২৩.৯৮
উপ-মোট (রাজস্ব):			**২৪.০০**	**-**	**-**	২৩.৯৮
(খ) মুলধন ব্যয়						
২	পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি	সেট	৩৪ সেট	৮.৫০	**১০০%**	**৮.৪৯**
৩	আনুষাংগিক যন্ত্রপাতিসহ সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন (৩ এইচপি)	সংখ্যা	৩৪ টি	১৪৬.২০	**১০০%**	**১৪৬.২০**
৪	নিরাপত্তা দেয়ালসহ পাম্প হাউজ নির্মাণ	সংখ্যা	৩৪ টি	১৫৪.০২	**১০০%**	**১৪৮.৪৮**
৫	বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপ লাইন স্থাপন	কি:মি:	১০০ কি:মি:	৫৯৪.০০	**১০০%**	**৫৯৩.২০**
৬	গৃহ সংযোগ	সংখ্যা	৪০০০ টি	১২০.০০	**১০০%**	**১১৭.৪১**
৭	পানি সরবরাহ ব্যবস্থাসহ পাবলিক টয়লেট নির্মাণ	সংখ্যা	৩৪ টি	২৬০.১০	**১০০%**	**২৫৯.৮৭**
৮	পরীক্ষামূলক নলকূপ স্থাপন (১.৫)	সংখ্যা	৩৪ টি	৩০.৬০	**১০০%**	**৩০.২৯**
৯	ওভারহেড পিভিসি ট্যাংকসহ উৎপাদন নলকূপ	সংখ্যা	৩৪ টি	৩০২.৬০	**১০০%**	**৩০২.৫৮**

ক্র: নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
	স্থাপন					
১০	ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন	সংখ্যা	৮৩৫ টি	১০৮৫.৫০	**১০০%**	**১০৮১.৬০**
১১	বৈদ্যুতিক সংযোগ	সংখ্যা	৩৪ টি	৩৪.০০	**১০০%**	**৩১.৯০**
উপ-মোট (মূলধন):				**২৭৩৫.৫২**		**২৭২০.০২**
(গ) প্রাইস কনটিনজেন্সী		থোক	-	-	-	-
(ঘ) ফিজিক্যাল কনটিনজেন্সী		থোক	-	-	-	-
সর্বমোট (ক+খ+গ+ঘ):			**১০০%**	**২৭৫৯.৫২**	**১০০%**	**২৭৪৪.০০ (৯৯.৪৪%)**

- উল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় -প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৭৪৪.০০ লক্ষ টাকা যা মোট ব্যয়ের ৯৯.৪৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১০। **বছরভিত্তিক আরডিপিপি সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি:**

(লক্ষ টাকায়)

অর্থবছর	আরডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়
২০১৭-২০১৮	৩৫০.০০	৩৫০.০০	৩৫০.০০	৩৫০.০০
২০১৮-২০১৯	১৩০০.০০	১৩০০.০০	১৩০০.০০	১৩০০.০০
২০১৯-২০২০	১০৯৪.০০	১০৯৪.০০	১০৯৪.০০	১০৯৪.০০
মোট:	**২৭৪৪.০০**	**২৭৪৪.০০**	**২৭৪৪.০০**	**২৭৪৪.০০**

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

১১। **প্রধান প্রধান অংগের ক্রয় পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত:**

প্রকল্পের আওতায় ১টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ৮.৫০ লক্ষ টাকা এবং ৩টি প্যাকেজে কার্য ক্রয় বাবদ ২৩২৬.৫২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। বাস্তবায়ন পর্যায়ে ক্রয়কৃত সকল প্যাকেজ ওটিএম পদ্ধতি অনুসরণে e-GP'র মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ক্রয় ও বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

১১.১ **পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি (৩৪ সেট):** আরডিপিপিতে ৩৪ সেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি বাবদ ৮.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। একটি প্যাকেজে ৩৪ সেট যন্ত্রপাতি ক্রয় বাবদ ৮.৪৯ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। এ অংগ বাবদ ব্যয় করা ৮.৪৯ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.২ **পানি সরবরাহ ব্যবস্থাসহ ৩৪টি পাবলিক টয়লেট নির্মাণ:** আরডিপিপিতে পানি সরবরাহ ব্যবস্থাসহ ৩৪টি পাবলিক টয়লেট নির্মাণ বাবদ ২৬০.১০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রতিটি প্যাকেজে ১০টি করে ৩টি প্যাকেজে ৩০টি এবং ১টি প্যাকেজে ৪টি অর্থাৎ ৪টি প্যাকেজে ৩৪টি পাবলিক টয়লেট নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে ২৫৯.৯৭ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। এ অংগ বাবদ ব্যয় করা ২৫৯.৮৭ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৩ **৮৩৫টি ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন ও বৈদ্যুতিক সংযোগ:** আরডিপিপিতে ৮৩৫টি ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন ও বৈদ্যুতিক সংযোগের লক্ষ্যে ১০৮৫.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ১৭টি লটে ৮৩৫টি ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন ও বৈদ্যুতিক সংযোগ কাজের কার্যাদেশ প্রদান করা হয়। ১৭টি লটের চুক্তিমূল্য ১০৮৩.৪৭ লক্ষ টাকা। এ অংগ বাবদ ব্যয় করা ১০৮১.৬০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৪ **নিরাপত্তা দেয়ালসহ ৩৪টি পাম্প হাউজ নির্মাণ:** আরডিপিপিতে নিরাপত্তা দেয়ালসহ ৩৪টি পাম্প হাউজ নির্মার্ণের লক্ষ্যে ১৫৪.০২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রতিটি প্যাকেজে ১৫টি করে ২টি কার্যাদেশে ৩০টি পাম্প হাউজ নির্মাণ কাজ বাবদ ১৩১.১৪ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয় (প্রতিটি ৪.৩৭ লক্ষ টাকা)। অবশিষ্ট ৪টি পাম্প হাউজের নির্মাণ কাজ বাবদ ১৮.১২ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। অর্থাৎ ৩টি কার্যাদেশে ৩৪টি পাম্প হাউজ নির্মাণের লক্ষ্যে ১৪৯.২৬ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। চুক্তিকৃত অর্থের বিপরীতে ব্যয় করা হয়েছে ১৪৮.৪৮ লক্ষ টাকা। এ অংগ বাবদ ব্যয় করা ১৪৮.৪৮ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৫ **ওভারহেড পিভিসি ট্যাংকসহ ৩৪টি উৎপাদক নলকূপ স্থাপন:** আরডিপিপিতে ওভারহেড পিভিসি ট্যাংকসহ প্রতিটি ৮.৯০ লক্ষ টাকা হিসেবে ৩৪টি উৎপাদক নলকূপ স্থাপনের লক্ষ্যে ৩০২.৬০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রতিটি প্যাকেজে ১০টি করে ৩টি প্যাকেজ

ও ১টি প্যাকেজে অবশিষ্ট ৪টিসহ মোট ৩৪টি উৎপাদক নলকূপ স্থাপন বাবদ ৩৩২.৮৭ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। এ অংগ বাবদ ব্যয় করা হয়েছে ৩০২.৫৮ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৬ **আনুষাংগিক যন্ত্রপাতিসহ ৩৪টি সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন:** আরডিপিপিতে আনুষাংগিক যন্ত্রপাতিসহ প্রতিটি ৪.৩০ লক্ষ টাকা ব্যয়ে ৩৪টি সাবমারসিবল পাম্প স্থাপনের লক্ষ্যে ১৪৬.২০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রতিটি প্যাকেজে ১৫টি করে ২টি প্যাকেজ ও ১টি প্যাকেজে অবশিষ্ট ৪টিসহ মোট ৩৪টি সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপনের লক্ষ্যে ১৪৮.৬২ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। এ অংগ বাবদ ব্যয় করা হয় ১৪৬.২০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৭ **১০০ কি:মি: বিতরণ পাইপ লাইন স্থাপন:** আরডিপিপিতে ১০০ কি:মি: বিতরণ পাইপ লাইন স্থাপনের লক্ষ্যে ৫৯৪.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ৩০টি বাজার সংলগ্ন এলাকায় ১০টি লটে ৮৮ কি:মি: বিতরণ পাইপ লাইন স্থাপন কাজের কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশকৃত চুক্তিমূল্য ৫২৩.৩৯ লক্ষ টাকা। এর মধ্যে এ অংগ বাবদ ব্যয় করা ৫৯৩.২০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৮ **৪০০০টি গৃহ সংযোগ:** আরডিপিপিতে ৪০০০টি গৃহ সংযোগের লক্ষ্যে ১২০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ৩০টি বাজার সংলগ্ন এলাকায় ৩টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশকৃত চুক্তিমূল্য ১৩৫.৭৪ লক্ষ টাকা। ৩৫২৯টি গৃহ সংযোগের চুক্তি করা হয়। এ অংগ বাবদ ব্যয় করা ১১৭.৪১ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.৯ স্থানান্তরিত ৪টি বাজার-এর অবশিষ্ট কাজ যেমন- ৪৭১টি গৃহ সংযোগ, ১২ কি:মি: বিতরণ পাইপ লাইন স্থাপন, ওভারহেড পিভিসি ট্যাংকসহ ৪টি উৎপাদক নলকূপ স্থাপন কাজের লক্ষ্যে ১টি প্যাকেজে ১২১.০০ লক্ষ টাকা মূল্যে কার্যাদেশ প্রদান করা হয়। এসকল অংগে কাজ বাবদ ১২১.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

১২। **পরিদর্শন বর্ণনা:** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ও জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, রাঙ্গামাটি কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো-রাঙ্গামাটি জেলার ১০টি উপজেলার জনসাধারনের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে রাঙ্গামাটি জেলার ৩৪টি বাজারে নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা করার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা। প্রকল্পের সমাপ্তি মূল্যায়নের লক্ষ্যে গত ০৪.১২.২০২১ তারিখে রাঙ্গামাটি সদর ও কাপ্তাই উপজেলায় বাস্তবায়িত ২টি বাজারের কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জেলার নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.১ **পরিদর্শনকৃত ২টি বাজার উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কিত:** রাঙ্গামাটি জেলার সদর উপজেলায় অবস্থিত কুতুবছড়ি বাজার ও কাপ্তাই উপজেলার ঘাগড়া বাজার উন্নয়নে অনুমোদিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কিত তথ্যাদির বিশ্লেষণ নিম্নরূপ:

১২.১.১ **কুতুবছড়ি বাজার**

অনুমোদিত পরিকল্পনা					গৃহীত পরিকল্পনার বাস্তবায়ন ও পরিদর্শন পর্যবেক্ষণ	
গ্রাম/পাড়া	**পরিবার**	**লোক সংখ্যা**	**কাজের বিবরণ**	**কাজের পরিমাণ**	**বাস্তব অগ্রগতি**	**পরিদর্শন পর্যবেক্ষণ ও অন্যান্য মন্তব্য**
৪টি পাড়া	৬৪৫টি	৩০১৩ জন	পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি	১ সেট	১ সেট	১০টি আইটেম-এর মধ্যে ৩টি আইটেম পাওয়া যায়নি।
			আনুষাংগিক যন্ত্রপাতিসহ সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন (৩ এইচপি)	১টি	১টি	(ক) আনুষাংগিক যন্ত্রপাতিসহ ১টি ৩ এইচপি সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন হয়েছে। (খ) পাম্প মটর স্থাপনের পর ৩ বার নষ্ট হয়। বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করা হয়। ওয়ারেন্টি পিরিয়ড থাকলেও তা মেরামত করে দেওয়া হয়নি। বাজার কমিটি কর্তৃক মেরামত করা হয়েছে।
			নিরাপত্তা দেয়ালসহ পাম্প হাউজ নির্মাণ	১টি	১টি	(ক) পাম্প হাউজের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা হয়নি। (খ) ৪টি আরসিসি খুঁটির উপর ৫০০০ লিটার বিশিষ্ট পিভিসি পানির ট্যাংক স্থাপনের সংস্থান থাকলেও ২টি আরসিসি খুঁটি এবং পাম্প হাউজের একাংশের ২টি কলাম খুঁটি হিসেবে ব্যবহার করা হয়েছে।
			বৈদ্যুতিক সংযোগ	১টি	১টি	বৈদ্যুতিক সংযোগ দেওয়া হয়েছে।

অনুমোদিত পরিকল্পনা					গৃহীত পরিকল্পনার বাস্তবায়ন ও পরিদর্শন পর্যবেক্ষণ	
গ্রাম/পাড়া	**পরিবার**	**লোক সংখ্যা**	**কাজের বিবরণ**	**কাজের পরিমাণ**	**বাস্তব অগ্রগতি**	**পরিদর্শন পর্যবেক্ষণ ও অন্যান্য মন্তব্য**
			বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপলাইন স্থাপন	৩ কি:মি:	৩ কি:মি:	বিভিন্ন ব্যাসের ৩ কি:মি: বিতরণ পাইপলাইন স্থাপন করা হয়েছে।
			গৃহ সংযোগ	১৩৫টি	১১০টি	**২৫টি** গৃহ সংযোগ দেওয়া হয়নি।
			পানি সরবরাহ ব্যবস্থাসহ পাবলিক টয়লেট নির্মাণ	১টি	১টি	বাজার এলাকায় জায়গা না পাওয়ায় পাবলিক টয়লেটটি প্রায় ৯/১০ কি:মি: দূরে ধর্মীয় প্রতিষ্ঠান নির্বাণপুর বনভাবনা কেন্দ্রে নির্মাণ করা হয়েছে, যা সপ্তাহে একদিন খোলা থাকে।) এ পাবলিক টয়লেটটি অনুমোদিত ড্রইং, ডিজাইন অনুসরণে নির্মাণ কাজ সম্পন্ন করা হলেও জন্য স্থান নির্বাচন যথাযথ না হওয়ায় বাজারে আগত সকল ধরনের জনসাধারণ এর সুফল থেকে বঞ্চিত হচ্ছে। পাবলিক টয়লেটটির স্থান নির্বাচন যথাযথ না হওয়ায় প্রকল্পের উদ্দেশ্যের সাথে সাংঘর্সিক হয়েছে।
			পরীক্ষামূলক নলকূপ স্থাপন (১.৫)	১টি	১টি	পরীক্ষামূলক নলকূপ স্থাপন করা হয়েছে।
			ওভারহেড পিভিসি ট্যাংকসহ উৎপাদন নলকূপ স্থাপন	১টি	১টি	১টি ওভারহেড পিভিসি ট্যাংকসহ উৎপাদন নলকূপ স্থাপন করা হয়েছে।
			ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন	২৫টি	২৫টি	২৫টি ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন করা হয়েছে।

অন্যান্য পর্যবেক্ষণ:

* ডিপিপি বহির্ভুতভাবে ৬ কিলোওয়াট বিশিষ্ট ১টি জেনারেটর প্রদান করা হয়েছে।
* বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে ৩৩,০০০/- টাকা।
* প্রতিমাসে পানির বিল ২০০/- টাকা হারে।
* পাম্প অপারেটর এর মাসিক কোন বেতন/ভাতা রাখা হয়নি।
* দক্ষ পাম্প অপারেটর অভাব রয়েছে।
* ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন করায় এলাকার লোকজন এখন সহজেই সুপেয় পানি পান করছেন এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি হয়েছে **মর্মে** পরিদর্শনের সময় সুবিধাভোগীগণের সাথে আলোচনাকালে জানা যায়।
* ওয়াটার সাপ্লাই সিস্টেমটি অদ্যাবধি হস্তান্তর করা হয়েছে। পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পানি ব্যবহারকারীগণ সমিতি গঠন করে প্রতিমাসে ২০০/- টাকা হারে জমা করছেন। এ অর্থের বিনিময়ে তারা ওয়াটার সাপ্লাই সিস্টেমটি রক্ষণাবেক্ষণ ও বিদ্যুতের বিল পরিশোধ করবেন।

১২.১.২ **ঘাগড়া বাজার**

অনুমোদিত পরিকল্পনা				গৃহীত পরিকল্পনার বাস্তবায়ন ও পরিদর্শন পর্যবেক্ষণ		
গ্রাম/পাড়া	**পরিবার**	**লোক সংখ্যা**	**কাজের বিবরণ**	**কাজের পরিমাণ**	**বাস্তব অগ্রগতি**	**পরিদর্শন পর্যবেক্ষণ ও অন্যান্য মন্তব্য**
৪টি পাড়া	৩৩৫টি	২৩৬৩ জন	পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি	১ সেট	১ সেট	১০টি আইটেম-এর মধ্যে ১০টি আইটেমই পাওয়া যায়।
			আনুষাংগিক যন্ত্রপাতিসহ সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন (৩ এইচপি)	১টি	১টি	আনুষাংগিক যন্ত্রপাতিসহ ১টি ৩ এইচপি সাবমারসিবল পাম্প ক্রয় ও স্থাপন করা হয়েছে।
			নিরাপত্তা দেয়ালসহ পাম্প হাউজ নির্মাণ	১টি	১টি	(ক) পাম্প হাউজের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা হয়নি। (খ) ৪টি আরসিসি খুঁটির উপর ৫০০০ লিটার বিশিষ্ট পিভিসি পানির ট্যাংক স্থাপনের সংস্থান থাকলেও ২টি আরসিসি খুঁটি এবং পাম্প হাউজের একাংশের ২টি কলাম খুঁটি হিসেবে ব্যবহার করা হয়েছে।
			বৈদ্যুতিক সংযোগ	১টি	১টি	বৈদ্যুতিক সংযোগ দেওয়া হয়েছে।
			বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপলাইন স্থাপন	৩ কি:মি:	৩ কি:মি:	বিভিন্ন ব্যাসের ৩ কি:মি: বিতরণ পাইপলাইন স্থাপন করা হয়েছে।
			গৃহ সংযোগ	১৩৫টি	১১০টি	**২৫টি** গৃহ সংযোগ দেওয়া হয়নি।
			পানি সরবরাহ ব্যবস্থাসহ পাবলিক টয়লেট নির্মাণ	১টি	১টি	(ক) অনুমোদিত ড্রইং, ডিজাইন অনুসরণে এ পাবলিক টয়লেটটির নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

						(খ) টয়লেটটির বাহিরের অংশের ওয়াল লোনা ধরা দেখা গেছে। মেরামত প্রয়োজন। টয়লেটটি পরিষ্কার পরিচ্ছন্ন দেখা গেছে।
			পরীক্ষামূলক নলকূপ স্থাপন (১.৫)	১টি	১টি	পরীক্ষামূলক নলকূপ স্থাপন করা হয়েছে।
			ওভারহেড পিভিসি ট্যাংকসহ উৎপাদন নলকূপ স্থাপন	১টি	১টি	১টি ওভারহেড পিভিসি ট্যাংকসহ উৎপাদন নলকূপ স্থাপন করা হয়েছে।
			ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন	২৫টি	২৫টি	২৫টি ডিপসেট পাম্পযুক্ত নলকূপ খনন করা হয়েছে।

অন্যান্য পর্যবেক্ষণ:

- ডিপিপি বহির্ভুতভাবে ৬ কিলোওয়াট বিশিষ্ট ১টি জেনারেটর প্রদান করা হয়েছে।
- পাম্প হাউজের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা হয়নি।
- প্রতিমাসে পানির বিল ২০০/- টাকা হারে।
- পাম্প অপারেটর এর মাসিক কোন বেতন রাখা হয়নি।
- দক্ষ পাম্প অপারেটর অভাব রয়েছে।
- ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন করায় এলাকার লোকজন এখন সহজেই সুপেয় পানি পান করছেন এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি হয়েছে **মর্মে** পরিদর্শনের সময় সুবিধাভোগীগণের সাথে আলোচনাকালে জানা যায়।
- ওয়াটার সাপ্লাই সিস্টেমটি অদ্যাবধি হস্তান্তর করা হয়েছে। পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পানি ব্যবহারকারীগণ সমিতি গঠন করে প্রতি মাসে ২০০/- টাকা হারে জমা করছেন। এ অর্থের বিনিময়ে তারা ওয়াটার সাপ্লাই সিস্টেমটি রক্ষণাবেক্ষণ ও বিদ্যুতের বিল পরিশোধ করবেন।

১৩। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ**

প্রকল্প পরিচালক-এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)
সাদেক আহমেদ	রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ প্রধান নির্বাহী কর্মকর্তা	পূর্ণকালীন	নিয়মিত

১৪। **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:** অডিট সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়- ২০১৮-২০১৯ অর্থবছরে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট প্রক্রিয়া সম্পন্ন করা হয়। বিভিন্ন অংগের ০৫টি অডিট আপত্তির মধ্যে ৩টি নিষ্পত্তি হলেও ২টি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া প্রকল্পের ২০১৯-২০২০ শেষ অর্থবছরের অডিট হয়নি। অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

অর্থবছর	আপত্তির শিরোনাম	জড়িত অর্থ
২০১৮-২০১৯	(১) সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে কর্তনকৃত ভ্যাটের অর্থ সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ রাজস্ব ক্ষতি।	১০,০৬,১৮৪/-
	(২) অগ্রিম হিসেবে নিয়মিত বিল প্রদানের সময় সমন্বয় না করায় আর্থিক ক্ষতি।	১৩,৫০,০০০/-
২০১৯-২০২০	প্রকল্পের অনুমোদিত মেয়াদের শেষ অর্থবছরে প্রকল্পের চূড়ান্ত অডিট এখনও সম্পন্ন হয়নি।	

১৫। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	৩৪টি উৎপাদক নলকূপ স্থাপনের মাধ্যমে ৩৪টি বাজারে পানি সরবরাহ ব্যবস্থা করা;	(ক)	৩৪টি উৎপাদক নলকূপ স্থাপনের মাধ্যমে ৩৪টি বাজারে পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন করায় প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়েছে;
(খ)	৮৩৫টি গভীর ডিএসপি নলকূপ স্থাপনের মাধ্যমে ৩৪টি বাজারের পার্শ্ববর্তী জনবসতিতে	(খ)	গভীর ডিএসপি নলকূপ স্থাপনের মাধ্যমে ৩৪টি বাজারের পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ঘটেছে;

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
	নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন করা;		
(গ)	১০০ কি:মি: পাইপ লাইন স্থাপনের মাধ্যমে নারী ও শিশুসহ বছরে প্রায় ০১ (এক) মিলিয়ন জনসাধারণকে নিরাপদ পানির সুবিধা প্রদান করা; এবং	(গ)	১০০ কি:মি: পাইপ লাইন স্থাপনের মাধ্যমে নারী ও শিশুসহ প্রকল্প এলাকার জনসাধারণকে নিরাপদ পানির সুবিধা প্রদান করা সম্ভব হয়েছে; এবং
(ঘ)	৩৪টি কমিউনিটি ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে জনসাধারনের স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নসহ জীবনযাত্রার মান উন্নয়ন করা।	(ঘ)	৩৪টি কমিউনিটি ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে জনসাধারনের স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নসহ জীবনযাত্রার মান উন্নয়ন হয়েছে।

১৬। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** অনুমোদিত অংগসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন কাজ সম্পন্ন হওয়ায় প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৭। **সার্বিক পর্যবেক্ষণ:**

১৭.১ কুতুবছড়ি বাজারে সাবমারসিবল পাম্প মটর স্থাপনের পর ৩ বার নষ্ট হয়। বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করা হয়। ওয়ারেন্টি পিরিয়ড থাকলেও তা মেরামত করে দেওয়া হয়নি। বাজার কমিটি কর্তৃক মেরামত করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা গেছে। এছাড়া পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি ১০টি আইটেম-এর মধ্যে ৩টি আইটেম কম পাওয়া গেছে।

১৭.২ প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়ালসহ ৩৪টি পাম্প হাউজ নির্মাণের সংস্থান থাকলেও বাউন্ডারী ওয়াল ব্যতিরেকে পাম্প হাউজসমূহ নির্মাণ করা হয়েছে। ৪টি আরসিসি খুঁটির উপর ৫০০০ লিটার বিশিষ্ট পিভিসি পানির ট্যাংক স্থাপনের সংস্থান থাকলেও ২টি আরসিসি খুঁটি এবং পাম্প হাউজের একাংশের ২টি কলাম খুঁটি হিসেবে ব্যবহার করা হয়েছে। বাউন্ডারী ওয়ালসহ পাম্প হাউজ নির্মাণের সংস্থান থাকলেও বাউন্ডারী ওয়াল নির্মাণ না করা এবং অনুমোদিত ড্রইং, ডিজানের ব্যত্যয় ঘটিয়ে পাম্প হাউজের একাংশের ২টি কলাম খুঁটি হিসেবে ব্যবহার করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে ব্যাখ্যা প্রদান করতে হবে;

১৭.৩ কুতুবছড়ি ও ঘাগড়া বাজারে ডিপিপি বহির্ভুতভাবে প্রতিটি ৬ কিলোওয়াট বিশিষ্ট ২টি জেনারেটর প্রদান করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক জানান যে, ডিপিপিতে অন্তর্ভুক্ত না থাকলেও বাস্তবতার নিরিখে ৩৪টি বাজারের জন্য ৩৪টি জেনারেটর ক্রয় ও স্থাপন করা হয়েছে। জেনারেটর ক্রয়ের ক্ষেত্রে কোন ধরনের কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ এবং ব্যয় নির্বাহ কিভাবে করা হয়েছে তা স্পষ্ট নয়। অনুমোদন ও ব্যয় নির্বাহের বিষয়ে প্রকল্প পরিচালককে সুনির্দিষ্ট ব্যাখ্যা থাকা বাঞ্চনীয়।

১৭.৪ কুতুবছড়ি ও ঘাগড়া বাজারের পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নে ২৭০টি গৃহ সংযোগের বিপরীতে ২২০টি গৃহ সংযোগ দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রার চেয়ে অবশিষ্ট ৫০টি গৃহ সংযোগ কম দেওয়া হয়েছে মর্মে পরিদর্শকালে দেখা গেছে।

১৭.৫ বাজারে আগত সকল ধরনের জনসাধারণের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে বাজার এলাকায় পাবলিক টয়লেট নির্মাণের উদ্দেশ্য থাকলেও কুতুবছড়ি বাজারের জন্য নির্ধারিত পাবলিক টয়লেটটি প্রায় ৯/১০ কি:মি: দূরে নির্মাণ করা হয়েছে। ভবিষ্যতে এ ধরনের স্থাপনা নির্মাণে স্থান নির্বাচনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় রাখতে হবে যাতে সাধারণ জনগণ সহজেই এটি ব্যবহার করতে পারে; এছাড়া টয়লেটটির দেয়াল লোনা ধরা অবস্থায় দেখা গেছে যা মোটেই কাম্য নয়।

১৭.৬ অডিট সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়, ২০১৮-২০১৯ অর্থবছরে বিভিন্ন অংগের ০৫টির মধ্যে ০৩টি আপত্তি নিষ্পত্তি হয়েছে ও ২টি আপত্তি এখনও নিষ্পত্তি হয়নি এবং অনুমোদিত মেয়াদের ২০১৯-২০২০ অর্থবছরে অডিট এখনো সম্পন্ন হয়নি যা, পরিদর্শনকালে নথিপত্র পর্যালোচনা করে দেখা গেছে।

১৮। **সুপারিশ:**

১৮.১ কুতুবছড়ি বাজার পরিদর্শনের সময় উপকারভোগীগণ জানান যে, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতির ব্যবহারিক বিষয়ে পাম্প অপারেটরের দক্ষতার অভাব রয়েছে। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতির ব্যবহারিক বিষয়ে পাম্প অপারেটরগণের পর্যাপ্ত প্রশিক্ষণ এবং নিধারিত বেতন না থাকায় তাঁরা একাজে অনীহা প্রকাশ করছে। সরাবরাহকৃত পণ্যের যথাযথ ব্যবহার ও স্থায়ীত্ব আনয়নে পাম্প অপারেটরগণের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানসহ আর্থিক সম্মানীর বিষয়টি নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৮.২ কুতুবছড়ি বাজারে সাবমারসিবল পাম্প মটর স্থাপনের পর ৩ বার নষ্ট হয়। বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করা হয়। ওয়ারেন্টি পিরিয়ড থাকলেও তা মেরামত করে দেওয়া হয়নি। বাজার কমিটি কর্তৃক মেরামত করা হয়েছে। এ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদির সর্বত্তোম ব্যবহারের মাধ্যমে পরিকল্পিত সেবা প্রদান নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে যথাযথ ভূমিকা রাখতে হবে;

১৮.৩ ৪টি আরসিসি খুঁটির উপর ৫০০০ লিটার বিশিষ্ট পিভিসি পানির ট্যাংক স্থাপনের সংস্থান থাকলেও ২টি আরসিসি খুঁটি এবং পাম্প হাউজের একাংশের ২টি কলাম যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই খুঁটি হিসেবে ব্যবহার করা হয়েছে। বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা/ সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে খতিয়ে দেখে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৮.৪ কুতুবছড়ি ও ঘাগড়া বাজারের পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নে ২৭০টি গৃহ সংযোগের বিপরীতে ২২০টি গৃহ সংযোগ দেওয়া হয়েছে। অবশিষ্ট ৫০টি গৃহ সংযোগ কম দেওয়ার কারণ সংস্থা/ মন্ত্রণালয় হতে খতিয়ে দেখে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৮.৫ পাবলিক টয়লেট নির্মাণের জন্য স্থান নির্বাচন যথাযথ না হওয়ায় সকল ধরনের জনসাধারণ এর সুফল থেকে বঞ্চিত হচ্ছে। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প বাস্তবায়ন করতে হলে ডিপিপি অনুযায়ী সঠিক স্থানে টয়লেট স্থাপন করতে হবে। এ ব্যাপারে মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

১৮.৬ ঘাগড়া বাজারে নির্মিত পাবলিক টয়লেটটির বাহিরের অংশের ওয়ালের অধিকাংশ স্থানে লোনা ধরা দেখা গেছে যা মেরামত প্রয়োজন। পাবলিক টয়লেটটির মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা/ মন্ত্রণালয় হতে উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৮.৭ অডিট সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়- ২০১৮-২০১৯ অর্থবছরে বিভিন্ন অংগের ০৫টির মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়নি এবং অনুমোদিত মেয়াদের শেষ অর্থবছরে প্রকল্পের চূড়ান্ত অডিট হয়নি। অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য অডিট অফিসের সাথে প্রকল্প কার্যালয়ের যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং প্রকল্পের অডিট কার্যক্রম সম্পাদন শেষে অডিট প্রতিবেদনের ০১ (এক) কপি আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৮.৮ অনুচ্ছেদ ১৮.১ – ১৮.৭ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আগামী ৩০.০১.২০২২ তারিখের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।